# কক্সবাজারে আঞ্চলিক রাসায়নিক পরীক্ষাগার দ্রুত চালু হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

কক্সবাজারে নির্মাণাধীন আঞ্চলিক রাসায়নিক পরীক্ষাগার চালু হলে মাদকদ্রব্যের নমুনা পরীক্ষায় সময় কমবে এবং দীর্ঘদিন ধরে ঝুলে থাকা মাদক মামলার নিষ্পত্তি ত্বরান্বিত হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

শুক্রবার (৭ আগস্ট) সকালে পরীক্ষাগারটির নির্মাণকাজ পরিদর্শনের সময় তিনি বলেন, বর্তমানে মাদকের নমুনা পরীক্ষায় দীর্ঘসূত্রতার কারণে অনেক মামলার তদন্ত ও বিচারপ্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। নতুন পরীক্ষাগার চালু হলে স্থানীয় পর্যায়েই দ্রুত পরীক্ষার প্রতিবেদন পাওয়া যাবে, যা বিচারিক কার্যক্রমে ইতিবাচক প্রভাব ফেলবে।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কক্সবাজারকে ঘিরে সরকারের পরিকল্পনা শুধু অবকাঠামো উন্নয়নে সীমাবদ্ধ নয়। পর্যটন, সমুদ্রসম্পদ ও অন্যান্য সম্ভাবনাকে কাজে লাগিয়ে এ অঞ্চলকে দীর্ঘমেয়াদি উন্নয়নের আওতায় আনার লক্ষ্যে নানা উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে।

তিনি আরও বলেন, গভীর সমুদ্রবন্দর ও সামুদ্রিক সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা গেলে দেশের অর্থনীতিতে নতুন সম্ভাবনার সৃষ্টি হবে এবং রাজস্ব আয় উল্লেখযোগ্যভাবে বাড়বে। এ লক্ষ্য বাস্তবায়নে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।

পরিদর্শনের সময় সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরিবেশবান্ধব উন্নয়ন কার্যক্রম পরিচালনার নির্দেশ দেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, যেকোনো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকৃতির ভারসাম্য রক্ষা এবং পরিবেশ সংরক্ষণকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।